B.S -Mononayan

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত পরবর্তী কার্যক্রম

তারিখ ও কার্যক্রম	কার্যক্রমের বিবরণ
২৭/০৫/২০১৭ থেকে ২৯/০৫/২০১৭ **আবেদন যাচাই-বাছাই এবং আপত্তি নিষ্পত্তি**	ক) শিক্ষার্থীরা আবেদনে নিজেদের দেয়া পছন্দক্রম আবার ভর্তি ওয়েবসাইটে (www.xiclassadmission.gov.bd) লগ-ইন করে দেখে নিশ্চিত হতে পারবে। খ) যেসকল শিক্ষার্থীর আবেদনে সমস্যা আছে- তারা ইন্টারনেটে ভর্তি ওয়েবসাইটের মাধ্যমে সমস্যাটি অবহিত করতে পারবে। পরবর্তীতে আপত্তি নিষ্পত্তির পর তারা আবার আবেদন সংশোধন করতে পারবে। গ) যেসকল শিক্ষার্থী আবেদন ফি প্রদান করেছে কিন্তু আবেদন Submit করতে পারে নাই- তারা আবেদন Submit করতে পারবে।
৩০/০৫/২০১৭ থেকে ৩১/০৫/২০১৭ **পুনঃনিরীক্ষণে পরিবর্তিত ফল প্রাপ্ত শিক্ষার্থী ও নতুন আবেদনকারীর আবেদন**	ক) যেসকল শিক্ষার্থীর পুনঃনিরীক্ষণে ফল পরিবর্তন হবে, তারা পূর্বে আবেদন করে থাকলে- তারা তাদের আবেদনে নতুন কলেজ/সমমানের প্রতিষ্ঠান সংযোজন অথবা বিয়োজন এবং পছন্দক্রম পরিবর্তন করতে পারবে। খ) পুনঃনিরীক্ষণের ফলে যে সমস্ত শিক্ষার্থী উত্তীর্ণ হবে- তারা SMS অথবা অন-লাইনে আবেদন করতে পারবে। গ) যাচাই-বাছাই করার পর যে সমস্ত শিক্ষার্থীর আবেদনে সমস্যা থাকবে- তারাও নিষ্পত্তির পর আবেদন সংশোধন করতে পারবে।
০৫/০৬/২০১৭ **১ম পর্যায়ের ফল প্রকাশ**	ক) আবেদনকৃত শিক্ষার্থীদের কলেজ/সমমান প্রতিষ্ঠানে Selection-এর ফলাফল দেওয়া হবে। খ) একজন শিক্ষার্থী শুধুমাত্র একটি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে Selection পাবে। গ) শিক্ষার্থীকে SMS-এর মাধ্যমে Selection-এর ফলাফল জানানো হবে এবং শিক্ষার্থী ভর্তির ওয়েবসাইট (www.xiclassadmission.gov.bd) থেকেও ফলাফল জানতে পারবে। ঘ) যেসব শিক্ষার্থী কোন কলেজে/সমমান প্রতিষ্ঠানে Selection পাবে না তাদেরকে পরবর্তী পর্যায়ের ফল প্রকাশ পর্যন্ত অর্থাৎ ১৩/০৬/২০১৭ তারিখ পর্যন্ত অপেক্ষা করতে হবে।
০৬/০৬/২০১৭ থেকে ০৮/০৬/২০১৭ **ভর্তির প্রাথমিক নিশ্চায়ন**	ক) Selection প্রাপ্ত শিক্ষার্থীকে নিম্নলিখিত ৩টির মধ্য থেকে যে কোন একটি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নিম্নরূপ হারে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি প্রদান করে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করতে হবে: ১। টেলিটক - বোর্ডের ফি ১৮৫/- টাকা + টেলিটক সার্ভিস চার্জ ১৪.৮০ টাকা = ১৯৯.৮০ টাকা। ২। শিওরক্যাশ - বোর্ডের ফি ১৮৫/- টাকা + শিওরক্যাশ সার্ভিস চার্জ ৩/- টাকা = ১৮৮/- টাকা। ৩। রকেট - বোর্ডের ফি ১৮৫/- টাকা + রকেট সার্ভিস চার্জ ৪/- টাকা = ১৮৯/- টাকা। খ) কোন শিক্ষার্থী Selection পাওয়ার পর নির্দিষ্ট সময়ের মধ্যে এই ফি জমা না দিলে তার Selection ও আবেদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
০৯/০৫/২০১৭ থেকে ১০/০৫/২০১৭ **মাইগ্রেশন ও নতুন আবেদন**	ক) যেসব শিক্ষার্থী বোর্ডের ফি ১৮৫/- জমা দিবে- তারা পূর্বে আবেদনকৃত প্রতিষ্ঠানগুলোর মধ্যে অধিক পছন্দের প্রতিষ্ঠানে মাইগ্রেশনের জন্য ভর্তির ওয়েব সাইটের মাধ্যমে অপশন দিতে পারবে। উল্লেখ্য যে মাইগ্রেশনের জন্য অপশন দেয়ার পর- মাইগ্রেশন হলে পূর্বের প্রতিষ্ঠানের Selection টি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে, ফলে পূর্বের প্রতিষ্ঠানে ফেরৎ আসার আর কোন সুযোগ থাকবে না। তবে যেসব শিক্ষার্থী মাইগ্রেশনপ্রাপ্ত হবে না তাদের পূর্বের Selectionটি বহাল থাকবে। খ) যেসব শিক্ষার্থী পূর্বে আবেদন করে নাই- তারা আবেদন ফি ১৫০/- শুধুমাত্র টেলিটকের মাধ্যমে জমাদান সাপেক্ষে শুধুমাত্র অন-লাইনে আবেদন করতে পারবে। গ) যেসব শিক্ষার্থী ১ম পর্যায়ের ফলাফলে প্রতিষ্ঠানে Selection পাওয়া সত্ত্বেও বোর্ডের রেজিস্ট্রেশন ফি জমা দেয় নাই- তারাও এই পর্যায়ে আবেদন ফি ১৫০/- শুধুমাত্র টেলিটকের মাধ্যমে জমাদান সাপেক্ষে অন-লাইনে নতুনভাবে আবেদন করতে পারবে। ঘ) যেসব শিক্ষার্থী ১ম ফলাফলে প্রতিষ্ঠান Selection পায় নাই- তারা আবেদন ফি প্রদান ছাড়াই প্রতিষ্ঠান সংযোজন/বিয়োজন ও পছন্দক্রম পরিবর্তন করতে পারবে।

তারিখ ও কার্যক্রম	কার্যক্রমের বিবরণ
১৩/০৬/২০১৭ **২য় পর্যায়ের ফল প্রকাশ**	ক) যে সব শিক্ষার্থী মাইগ্রেশনের অপশন দিয়েছিল তারা তাদের মেধা ও অপশন অনুযায়ী চাহিত প্রতিষ্ঠানে আসন খালি থাকা সাপেক্ষে মাইগ্রেশন প্রাপ্ত হবে। খ) ১ম পর্যায়ে যে সব শিক্ষার্থী কোন প্রতিষ্ঠানে Selection পায় নাই- তারা এবং নতুন আবেদনকারীরা মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে প্রতিষ্ঠানে Selection পাবে।
১৪/০৬/২০১৭ থেকে ১৫/০৬/২০১৭ **২য় পর্যায়ের নিশ্চায়ন**	ক) মাইগ্রেশন প্রাপ্ত প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সর্বশেষ অবস্থান স্থির হবে এবং মাইগ্রেশন হলে পূর্বের প্রতিষ্ঠানে ফেরৎ আসার কোন সুযোগ থাকবে না। উল্লেখ্য যে মাইগ্রেশন প্রাপ্ত প্রতিষ্ঠানের জন্য রেজিস্ট্রেশন ফি প্রদান করে নিশ্চায়ন করার প্রয়োজন নাই। খ) যে সব শিক্ষার্থী নতুন Selection পাবে- শুধুমাত্র তাদেরকে রেজিস্ট্রেশন ফি (১৮৫/- + মোবাইল ব্যাংকিং সার্ভিস চার্জ) টেলিটক অথবা রকেট অথবা শিওরক্যাশ এর মাধ্যমে জমা দিয়ে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করতে হবে।
১৬/০৬/২০১৭ থেকে ১৭/০৬/২০১৭ **মাইগ্রেশনের অপশন প্রদান এবং নতুন আবেদন**	ক) এই পর্যায়েও শিক্ষার্থী ইচ্ছা করলে প্রতিষ্ঠানে মাইগ্রেশনের অপশন দিতে পারবে। খ) নতুন শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে।
১৮/০৬/২০১৭ **৩য় পর্যায়ের ফল প্রকাশ**	ক) ২য় পর্যায়ে যে সব শিক্ষার্থী মাইগ্রেশনের অপশন দিয়েছিল তারা মেধা ও অপশন অনুযায়ী চাহিত প্রতিষ্ঠানে আসন খালি থাকা সাপেক্ষে মাইগ্রেশন প্রাপ্ত হবে। খ) ২য় পর্যায়ে যে সব শিক্ষার্থী কোন প্রতিষ্ঠানে Selection পাবে না- তারা এবং নতুন আবেদনকারীরা মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে কলেজে/সমমানের প্রতিষ্ঠানে Selection পাবে।
১৯/০৬/২০১৭ **৩য় পর্যায়ের নিশ্চায়ন**	ক) মাইগ্রেশন প্রাপ্ত প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সর্বশেষ অবস্থান স্থির হবে এবং মাইগ্রেশন হলে পূর্বের প্রতিষ্ঠানে ফেরৎ আসার কোন প্রকার সুযোগ থাকবে না। উল্লেখ্য যে মাইগ্রেশন প্রাপ্ত প্রতিষ্ঠানের জন্য রেজিস্ট্রেশন ফি প্রদান করে নিশ্চায়ন করার প্রযোজন নাই। খ) যে সব শিক্ষার্থী নতুন Selection পাবে- শুধুমাত্র তাদেরকে রেজিস্ট্রেশন ফি (১৮৫/- + মোবাইল ব্যাংকিং সার্ভিস চার্জ) টেলিটক অথবা রকেট অথবা শিওরক্যাশ এর মাধ্যমে জমা দিয়ে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করতে হবে।
২০/০৬/২০১৭ থেকে ২২/০৬/২০১৭ **এবং** **২৮/০৬/২০১৭ থেকে ২৯/০৬/২০১৭** **কলেজে ভর্তি**	ক) কলেজ/সমমানের প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট শিফট্/ভার্সন/গ্রুপ এর জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীগণের তালিকা ইন্টারনেটের মাধ্যমে ভর্তি ওয়েবসাইট (www.xiclassadmission.gov.bd) থেকে সংগ্রহ করবে। খ) শিক্ষার্থীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে হাজির হয়ে ভর্তির জন্য নির্ধারিত ফি (শিক্ষা বোর্ড ফি ১৮৫/- টাকা ব্যতিত), প্রয়োজনীয় কাগজপত্র এবং Security Code কলেজে/সমমানের প্রতিষ্ঠানে প্রদান করে ভর্তি হবে। গ) প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীর প্রদত্ত Security Code ব্যবহার করে অন-লাইনে ভর্তির চূড়ান্ত নিশ্চায়ন করবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(অমল কুমার বিশ্বাস)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর